

## ২০১৭ সালে উৎক্ষেপণ বঙ্গবন্ধু স্যাটেলাইটের কক্ষপথ কিনল বাংলাদেশ

■ বিশেষ প্রতিনিধি  
দেশের প্রথম স্যাটেলাইট বঙ্গবন্ধু-১  
উৎক্ষেপণের জন্য কক্ষপথ  
(অরবিটাল স্লট) কিনতে রাশিয়ার  
ইন্টারপুটনিক ইন্টারন্যাশনাল  
অর্গানাইজেশন অব স্পেস  
কমিউনিকেশনের সঙ্গে চুক্তি স্বাক্ষর  
করেছে বিটিআরসি। গতকাল  
বৃহস্পতিবার বিটিআরসি কার্যালয়ে এ  
চুক্তি স্বাক্ষরিত হয়। এ ক্ষেত্রে  
বাংলাদেশ ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব  
দ্রাঘিমাংশে স্লটের জন্য চুক্তি করল।  
চুক্তির মধ্য দিয়ে প্রথমবারের মতো  
কোনো অরবিটাল স্লটে বাংলাদেশের  
মালিকানা প্রতিষ্ঠিত হলো।  
চুক্তি স্বাক্ষরের পর সংবাদ সম্মেলনে  
বিটিআরসির চেয়ারম্যান সুনীল কান্তি  
বাস সাংবাদিকদের জানান, ২০১৭  
সালের ডিসেম্বরের মধ্যেই বঙ্গবন্ধু-১  
স্যাটেলাইট উৎক্ষেপণের লক্ষ্যমাত্রা

স্থির করা হয়েছে। এ লক্ষ্যে আগামী  
ফেব্রুয়ারি মাসেই স্যাটেলাইট নির্যাসের  
জন্য দরপত্র আহ্বান এবং দরপত্র  
প্রক্রিয়া শেষে এ বছরের শেষের দিকে  
চূড়ান্ত কার্যাদেশ দেওয়া হবে। পুরো  
প্রকল্পে ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৯৬৭  
কোটি টাকা। এর মধ্যে সরকারি  
কোয়োগার থেকে ১ হাজার ৩১৫ কোটি  
এবং বাকি টাকা দরপত্রের মাধ্যমে  
নির্বাচিত ঠিকাদারি প্রতিষ্ঠান বিনিয়োগ  
করবে। বিনিয়োগের শর্ত বিবেচনায়  
রেখেই ঠিকাদারি প্রতিষ্ঠান নির্বাচন  
করা হবে বলেও জানান বিটিআরসি  
চেয়ারম্যান। সংবাদ সম্মেলনে  
ইন্টারপুটনিকের মহাপরিচালক  
ভাদিম ই বেলভ বলেন, বর্তমান স্লটটি  
বাংলাদেশের জন্য ব্যবসায়িকভাবে  
লাভজনক হবে। ২৬টি দেশ  
ইন্টারপুটনিকের শেষারহোভার।  
সংবাদ সম্মেলনে বিটিআরসির ভাইস  
চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল  
(অব.) আহসান হাবিব, বঙ্গবন্ধু  
স্যাটেলাইট-১ প্রকল্প বাস্তবায়ন কমিটির  
আহ্বায়ক ও কমিশনার এটিএম  
মনিরুল আলম, বিটিআরসির সচিব  
সারওয়ার আলম, ইন্টারপুটনিকের  
পরিচালক টিমোফি আব্বারামভ ও  
গ্রিগরি বাইটসুরসহ সংশ্লিষ্টরা উপস্থিত  
ছিলেন। বিটিআরসির চেয়ারম্যান  
জানান, বর্তমান স্লটটি শিঞ্জ পেতে ব্যয়  
হবে ২ কোটি ৮০ লাখ মার্কিন ডলার।  
লিজের মেয়াদ ১৫ বছর অন্তর বর্ধিত  
করে ৪৫ বছর পর্যন্ত বাড়ানো যাবে। এ  
স্যাটেলাইট চালু হলে স্যাটেলাইট টিভি  
সম্প্রচারের জন্য বর্তমানে বছরে যে ১৪  
মিলিয়ন মার্কিন ডলার  
দেশের বাইরে চলে যাচ্ছে তা দেশেই  
থেকে যাবে।

২০০৯ সালে বঙ্গবন্ধু স্যাটেলাইট-  
১ প্রকল্প হাতে নেওয়া হয়। স্লট চুক্তি  
সম্পন্ন হওয়ায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১  
উৎক্ষেপণ অনেকটাই নিশ্চিত  
হয়ে গেল।